

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোপালগঞ্জ-৮১০০।

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২৬,২৭,২৮,২৯/৯২৭

তারিখ : ১১ ভাদ্র, ১৪২৮
২৬ আগস্ট, ২০২১


নিয়োগ সংক্রান্ত তথ্যাবলী

অত্র বিশ্ববিদ্যালয়ের রাজস্বখাতের আওতায় বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাদিতে বর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পরিচালক (পরিচালনা, উন্নয়ন ও ওয়ার্কস) ১ (এক) টি পদ বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০ (৩য় গ্রেড) সর্বোচ্চ বয়সসীমা : ৫২ বছর	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সম্মানসহ মাস্টার্স/৪ বছর মেয়াদী স্নাতক সম্মান/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হবে। সংশ্লিষ্ট কাজের কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/আধাসরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক বা ইহার সমমানের পদে কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর প্রাণি কমিশনের কর্মপদ্ধতি, নতুন প্রকল্প সারপত্র প্রস্তুতি এবং বৈদেশিক ক্রয় সংক্রান্ত অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স/৪ বছর মেয়াদী স্নাতক সম্মান/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সহ প্রশাসনিক/হিসাব সংক্রান্ত কাজে কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/আধাসরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক বা ইহার সমমানের পদে কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২.	উপ-পরিচালক (হিসাব) বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০ (৫ম গ্রেড) সর্বোচ্চ বয়সসীমা : ৪৮ বছর	উপ-পরিচালক (হিসাব) প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বনিজ্যে সম্মানসহ মাস্টার্স/৪ বছর মেয়াদী স্নাতক সম্মান/এমবিএ ডিগ্রী সহ কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/আধাসরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অর্থ, বাজেট, নিরীক্ষা ও হিসাব বিভাগে কর্মকর্তা হিসেবে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ের সহকারি পরিচালক বা ইহার সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ কোন প্রতিষ্ঠানের অর্থ, বাজেট, নিরীক্ষা ও হিসাব বিভাগে কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/আধাসরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে সহকারি পরিচালক বা ইহার সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- প্রত্যেক পদে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।
- আবেদন ফর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিয়োগের অন্যান্য শর্তাবলী অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।
- ০১ ও ০২ নং পদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা অগ্রাধী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং-০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মূল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মূল কপি সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের ক্রম নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে জমা দিতে হবে।
- আবেদনকারীদেরকে ৬ (ছয়) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তায় পরিচয় পত্র (এনআইডি) সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদন জমাদানের শেষ তারিখে বয়স গণনা করতে হবে।
- এন্টি পদে নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। তবে বিভাগীয় প্রার্থী এবং ড্রাইভারদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১কপি ছবি আঠা দিয়ে মূল আবেদন ফর্মে লাগাতে হবে এবং অতিরিক্ত ১টি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক), ও আনুসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ বা সমমানের গ্রেড জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌছানোর শেষ তারিখ ১৪/০৯/২০২১ ইং বিকাল ৫-০০ ঘটিকা।
- প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(মো. আবদুর রউফ)
রেজিস্ট্রার
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।